

অতি জরুরী
ফ্যাক্স/বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি/বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০০৮.২০১৩.১৪৯

তারিখঃ ২৭.০৪.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরে ৬২টি জেলা সদর/জেনারেল হাসপাতাল এর অনুকূলে বরাদ্দকৃত অর্থের ব্যয় মঞ্জুরীর প্রস্তাব প্রেরণ প্রদান।

সূত্র ১. নং-৪৫.১৫৫.০৫৬.০০.০০.০১৪.২০১৫.৬১০, তারিখঃ ০৩.১০.২০১৬ খ্রিঃ
২. নং-৪৫.১৫৫.০৫৬.০০.০০.০১৪.২০১৫-৬১, তারিখঃ ২৬.০১.২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারক দ্বয়ে ২০১৬-১৭ অর্থ বছরে ৬২টি জেলা সদর/জেনারেল হাসপাতাল এর অনুকূলে বরাদ্দ মঞ্জুরী প্রদান সংক্রান্ত পত্রে ৩১/০৩/২০১৭ তারিখের মধ্যে ১ম ও ২য় কিস্তির ব্যয় মঞ্জুরীর প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয় এবং অব্যয়িত অর্থ ৩১.০৫.২০১৭ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের হাসপাতাল-২ অধিশাখায় সমর্পণ করার নির্দেশ প্রদান করা হলেও কোন কোন জেলা সদর/জেনারেল হাসপাতাল হতে যথাসময়ে প্রস্তাব পাওয়া যাচ্ছে না। এতে যথাসময়ে ব্যয় মঞ্জুরীর কার্যক্রম সম্পাদন করা সম্ভব হচ্ছে না। তাছাড়া প্রস্তাবের সাথে সংযোজিত কাগজপত্র সত্যায়িত ও মন্ত্রণালয়ের বিভাজনের আলোকে প্রেরণ করা হচ্ছে না।

এমতাবস্থায়, ২০১৬-১৭ অর্থ বছরে জেলা সদর/জেনারেল হাসপাতাল এর অনুকূলে সূত্রোক্ত ১ ও ২ নং স্মারকের অর্থ মঞ্জুরী সংক্রান্ত পত্রের নির্দেশনা মোতাবেক জারীকৃত বিভাজনের আলোকে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে ভালভাবে যাচাই বাছাই ও সত্যায়িত করে ব্যয় মঞ্জুরীর পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(দিলসাদ বেগম)

উপসচিব

সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২

ফোনঃ ৯৫৪৯১১৯২

dsgm2@gmail.com

সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/পরিচালক (সকল)

সদর হাসপাতাল/জেনারেল হাসপাতাল.....

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সিষ্টেম এনালিস্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মন্ত্রণালয়।
- ২। অতিঃ সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।